## সরকারী আবাসন পরিদপ্তর-এর

# স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২২

সরকারী আবাসন পরিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## সূচীপত্র

১। সরকারি আবাসন পরিদপ্তরের সংক্ষিপ্ত পটভূমি ও সংক্ষিপ্ত পরিচিতিঃ ........ ৩
১.১। যোগাযোগের তথ্যাবলি ........ ৩
২। প্রধান কার্যাবলি ........ ৪
২.১। বরাদ্দ সংক্রান্ত কার্যাবলি ........ ৪
২.২। ভাড়া আদায় সংক্রান্ত কার্যাবলি ........ ৪
৩। নির্দেশিকার শিরোনাম ........ ৪
৩.১। নির্দেশিকার ভিত্তি ........ ৪
৪. সংজ্ঞা ........ ৪
৪.১ তথ্য ........ ৪
৪.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ........ ৫
৪.৩ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ........ ৫
৪.৪ ''তথ্য প্রদান ইউনিট'' সরকারি আবাসন পরিদপ্তর ও এর সাথে সংযুক্ত বা এর অধীনস্থ সকল কার্যালয় এবং তাদের অধীনস্থ জোন, সার্কেল, বিভাগ এবং উপবিভাগীয় কার্যালয়সমূহ। ........ ৫
৪.৫ ''আপীল কর্তৃপক্ষ'' অর্থ- ........ ৫
৪.৬ ''তৃতীয় পক্ষ'' অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোন পক্ষ। ........ ৫
৪.৭ ''তথ্য কমিশন'' অর্থ তঅআ, ২০০৯-এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন। ........ ৫
৪.৮ ''তঅআ, ২০০৯'' বলতে ''তথ্য অধিকার আইন, ২০০৯'' বুঝাবে। ........ ৫
৪.৯ ''তঅবি, ২০০৯'' বলতে ''তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯'' বুঝাবে। ........ ৫
৪.১০ ''কর্মকর্তা'' অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে। ........ ৫
৪.১১ ''তথ্য অধিকার'' অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য প্রাপ্তির অধিকার। ........ ৫
৪.১২ ''আবেদন ফরম'' অর্থ তঅবি, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট- ফরম 'ক' বুঝাবে। ........ ৫
৪.১৩ ''আপীল ফরম'' অর্থ তঅবি, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরমেট- ফরম 'গ' বুঝাবে। ........ ৫
৪.১৪ পরিশিষ্ট'' অর্থ এই নির্দেশিকার সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট। ........ ৫
৫। স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য ........ ৫
৬। তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি : ........ ৬
ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য : ........ ৬
খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য : ........ ৬
গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য : ........ ৬
৭। তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা : ........ ৭
ক) তথ্য সংরক্ষণ : সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট তথ্য সংরক্ষণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবে : ........ ৭
খ) তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা : সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনার জন্য তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করবে। ........ ৭
গ) তথ্যের ভাষা : ........ ৭
ঘ) তথ্যের হালনাগাদকরণ : সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট প্রতিমাসে তথ্য হালনাগাদ করবে। ........ ৮
৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ........ ৮
৯। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি ........ ৮
১০। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ........ ৯
১১। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি ........ ১০
১২। তথ্যাদি পরিদর্শন এবং প্রকাশিত প্রতিবেদন বিক্রয়ের সুযোগ : ........ ১০
১৩। জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি : ........ ১০
১৪। নীতিমালার বাস্তবায়ন ও মনিটরিং ........ ১০
১৫। নির্দেশিকার সংশোধন : ........ ১১
১৬। নির্দেশিকার ব্যখ্যা : ........ ১১
পরিশিষ্ট : ........ ১২
পরিশিষ্ট-১ : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ........ ১২
পরিশিষ্ট-২ : চট্টগ্রাম কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ........ ১২
পরিশিষ্ট-৩ : আপিল কর্তৃপক্ষ ........ ১২
পরিশিষ্ট-৪ : স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম ........ ১৩
পরিশিষ্ট-৫ : প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা ........ ১৫

**ভূমিকা :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রাধানমন্ত্রীর উদ্যোগে বর্তমান সরকার এপ্রিল ৬, ২০০৯ তারিখ তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে । প্রণীত এই আইনের ৪ ধারায় প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে । তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য তথ্য কমিশন গঠন করা হয়েছে । বর্ণিত আইন এবং এর অধীনে বিভিন্ন বিধিমালার সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে স্বপ্রণোদিত নির্দেশিকা প্রণয়ন করা হলো।

**১। সরকারি আবাসন পরিদপ্তরের সংক্ষিপ্ত পটভূমি ও সংক্ষিপ্ত পরিচিতিঃ**

ঢাকা এবং চট্টগ্রামে কর্মরত সরকারি কর্মচারিগণের অন্যতম প্রধান সমস্যা আবাসন। সরকারি আবাসন পরিদপ্তর ঢাকায় ও চট্টগ্রামে কর্মরত সরকারি কর্মচারিগণের আবাসনের ব্যবস্থা করে থাকে। এছাড়া কর্মচারিগণের অবসরগ্রহণের সময় প্রয়োজনীয় না-দাবি সনদ প্রদান সেবাও সরকারি আবাসন পরিদপ্তর করে থাকে। সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক প্রদেয় সেবাসমূহের মধ্যে রয়েছে-

১। সরকারি বাসা-বাড়ি বরাদ্দ প্রদান ও বাতিল করণ
২। দোকান বরাদ্দ ও ভাড়া আদায়
৩। গ্যারেজ বরাদ্দ প্রদান
৪। সাময়িক ও চূড়ান্ত না-দাবি সনদ প্রদান
৫। যেসকল কর্মকর্তা সরকারি বাসায় বসবাস করেননি তাদের অনুকূলে না-দাবি সনদ প্রদান

| | |
|---|---|
| প্রতিষ্ঠানের নামঃ | **সরকারি আবাসন পরিদপ্তর**<br>**Directorate of Government Accommodation** |
| অফিস প্রধানের পদবিঃ | পরিচালক |
| নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ঃ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| অফিস কোডঃ | ৪৩ |
| বিভাগীয়/আঞ্চলিক অফিস সংখ্যাঃ | ০১ |
| জনবলঃ | ৪৬৩ |

**১.১। যোগাযোগের তথ্যাবলি**

সরকারি আবাসন পরিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,
ভবন নং: ০৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোন: ০২-৫৫১০১০৩৭
ওয়েবসাইট: www.doga.gov.bd
ইমেইল: director@doga.gov.bd

## ২। প্রধান কার্যাবলি

সরকারি আবাসন পরিদপ্তর-এর প্রধান কার্যাবলি নিম্নরূপ:

### ২.১। বরাদ্দ সংক্রান্ত কার্যাবলি

- ঢাকা ও চট্টগ্রাম শহরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য সরকারি বাসা/বাড়ি বরাদ্দ প্রদান
- বিধিমালা ভঙ্গ কিংবা অন্য কোনো বিধিবদ্ধ কারণে বরাদ্দ বাতিলকরণ
- সরকারি অফিস স্থান বরাদ্দ
- সরকারি অফিসের জন্য বে-সরকারি বাড়ি ভাড়ার ছাড়পত্র প্রদান
- সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন ঢাকা শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত দোকানসমূহের বরাদ্দ প্রদান
- সরকারি কর্মকর্তাগণের জন্য গ্যারেজ বরাদ্দ প্রদান
- অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত কাজ

### ২.২। ভাড়া আদায় সংক্রান্ত কার্যাবলি

- সরকারি বাসা/বাড়ির ভাড়া/ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন নিশ্চিতকরণ
- বাসা/বাড়ির ইউটিলিটি বিল (বিদ্যুৎ, গ্যাস, পানি, পৌরকর প্রভৃতি) পরিশোধ নিশ্চিতকরণ
- সাময়িক/চূড়ান্ত না-দাবি সনদপত্র প্রদান

## ৩। নির্দেশিকার শিরোনাম

এই নির্দেশিকা '' **সরকারি আবাসন পরিদপ্তর-এর স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯**'' নামে অভিহিত হবে।

### ৩.১। নির্দেশিকার ভিত্তি

৩.১.১. প্রণয়নকারী কর্তৃপক্ষ : সরকারি আবাসন পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩.১.২ অনুমোদনকারী কর্তৃপক্ষ : পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩.১.৩ অনুমোদনের তারিখ : ৩০ ডিসেম্বর, ২০১৯

৩.১.৪ বাস্তবায়নের তারিখ : এই নির্দেশিকা আগামী ৩১ ডিসেম্বর, ২০১৯ থেকে বাস্তবায়ন করা হবে।

৩.১.৫ নির্দেশিকার প্রযোজ্যতা : নির্দেশিকাটি সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিটের (চট্টগ্রাম জেলা কার্যালয়) জন্য প্রযোজ্য হবে।

## ৪. সংজ্ঞা

### ৪.১ তথ্য

''তথ্য'' অর্থে সরকারি আবাসন পরিদপ্তর ও এর সাথে সংযুক্ত বা এর অধীনস্থ ইউনিটসমূহের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রসত্মাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিত চিত্র, ফিল্ম,

ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য-নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

**৪.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

''দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'' অর্থ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০ এর অধীন নিযুক্ত কর্মকর্তা;

**৪.৩ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট দায়িত্ব পালনের জন্য নিযুক্ত কর্মকর্তা;

৪.৪ **''তথ্য প্রদান ইউনিট''** সরকারি আবাসন পরিদপ্তর ও এর সাথে সংযুক্ত বা এর অধীনস্থ সকল কার্যালয় এবং তাদের অধীনস্থ জোন, সার্কেল, বিভাগ এবং উপবিভাগীয় কার্যালয়সমূহ।

৪.৫ **''আপীল কর্তৃপক্ষ''** অর্থ-

(অ) কোন তথ্য প্রদান ইউনিটের ক্ষেত্রে উক্ত ইউনিটের অব্যবহিত উর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান; অথবা

(আ) কোনো তথ্য প্রদান ইউনিটের উর্ধ্বতন কার্যালয় না থাকলে, উক্ত তথ্য প্রদান ইউনিটের প্রশাসনিক প্রধান।

৪.৬ **''তৃতীয় পক্ষ''** অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোন পক্ষ।

৪.৭ **''তথ্য কমিশন''** অর্থ তথআ, ২০০৯-এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

৪.৮ **''তথআ, ২০০৯''** বলতে ''তথ্য অধিকার আইন, ২০০৯'' বুঝাবে।

৪.৯ **''তথবি, ২০০৯''** বলতে ''তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯'' বুঝাবে।

৪.১০ **''কর্মকর্তা''** অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

৪.১১ **''তথ্য অধিকার''** অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য প্রাপ্তির অধিকার।

৪.১২ **''আবেদন ফরম''** অর্থ তথবি, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট- ফরম 'ক' বুঝাবে।

৪.১৩ **''আপীল ফরম''** অর্থ তথবি, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরমেট- ফরম 'গ' বুঝাবে।

৪.১৪ **পরিশিষ্ট''** অর্থ এই নির্দেশিকার সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট।

**৫। স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য**

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনগণের জানার অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি ও বেসরকারি সংগঠনের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা; জনগণের চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে তথ্য-অধিকার নিশ্চিত করতে গত ২৯ মার্চ ২০০৯ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ পাস করেছে। আইনের কার্যকর বাস্তবায়নের জন্য ইতিমধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এবং তথ্য অধিকার সংক্রান্ত তিনটি প্রবিধানমালাও প্রণীত হয়েছে।

- তথ্য অধিকার গণতান্ত্রিক ব্যবস্থাকে আরো সুসংহত করার অন্যতম শর্ত। সরকারি আবাসন পরিদপ্তর-এর তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে সরকারি আবাসন পরিদপ্তর-এর কার্যক্রম সম্পর্কে জনগণের সন্দেহ ও অবিশ্বাস দূর হবে। এতে প্রতিষ্ঠানের স্বচ্ছতা এবং জনগণের কাছে সকল কাজের জবাবদিহি প্রতিষ্ঠিত হবে।

- জনগণের জন্য অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সঙ্গে সংগতিপূর্ণভাবে সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় হিসেবে সরকারি আবাসন পরিদপ্তরঅবাধ তথ্যপ্রবাহের চর্চা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

- এই দপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ অন্যান্য ইউনিটে অবাধ তথ্যপ্রবাহের চর্চার ক্ষেত্রে যেন কোনো দ্বিধাদন্দ্বের সৃষ্টি না হয়, সেজন্য একটি তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়ন আবশ্যক বলে মনে করছে সরকারি আবাসন পরিদপ্তর। সুতরাং তথ্য অধিকার আইন, ২০০৯, তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ ও এ সংশ্লিষ্ট প্রবিধানমালা সমূহের আলোকে ও সাযুজ্যতা সাপেক্ষে এই স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

**৬। তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি :**

সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সাথে সংযুক্ত ও এর অধীনস্থ ইউনিটসমূহের সমুদয় তথ্য নিম্নোক্ত ৩টি শ্রেণিতে ভাগ করা হবে এবং নির্ধারিত বিধান অনুসারে প্রদান, প্রচার বা প্রকাশ করা হবে :

**ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য :**

১) এই ধরনের তথ্য সরকারি আবাসন পরিদপ্তরএবং এর সাথে সংযুক্ত ও এর অধীনস্থ ইউনিটসমূহ স্বপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, প্রত্রিকায় বিজ্ঞপ্তির ম্যাধমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

২) এই ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

৩) সরকারি আবাসন পরিদপ্তরপ্রতি বছর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে। বার্ষিক প্রতিবেদনে তঅআ, ২০০৯ এর ধারা ৬(৩)-এ উল্লিখিত তথ্যসমূহ সংযোজন করবে।

৪) সরকারি আবাসন পরিদপ্তরস্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও সরকারি আবাসন পরিদপ্তর-এর ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৫) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

**খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য :**

১) এই ধরনের তথ্য কোনো নাগরিকের আবেদনের প্রেক্ষিতে এই নির্দেশিকার ১০ ও ১১ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদান করতে হবে।

২) সরকারি আবাসন পরিদপ্তরচাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্স্তত করবে এবং এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও সরকারি আবাসন পরিদপ্তর-এরওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৩) প্রতি তিন মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

**গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য :**

১) এই নির্দেশিকার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ ইউনিটসমূহ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান বা প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবে না :

(ক) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য;

(গ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

(ঘ) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(ঙ) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য :

তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর অনুরূপ সিদ্ধান্ত কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে তা প্রকাশ করা যাবে :

আরো শর্ত থাকে যে, এই ধারার অধীন তথ্য প্রদান স্থগিত রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**৭। তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা :**

**ক) তথ্য সংরক্ষণ :**

সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট তথ্য সংরক্ষণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবে :

(১) নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যাবতীয় তথ্যের ক্যাটালগ এবং ইনডেক্স প্রস্তুত করে যথাযথভাবে সংরক্ষণ করবে।

(২) যে-সকল তথ্য কম্পিউটারে সংরক্ষণের উপযুক্ত বলে মনে করবে সে-সকল তথ্য যুক্তিসংগত সময়সীমার মধ্যে কম্পিউটারে সংরক্ষণ করবে এবং তথ্য লাভের সুবিধার্থে সমগ্র দেশে নেটওয়ার্কের মাধ্যমে তার সংযোগ স্থাপন করবে।

(৩) তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করবে।

**খ) তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা :**

সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনার জন্য তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করবে।

**গ) তথ্যের ভাষা :**

(১) তথ্যের মূল ভাষা হবে বাংলা। তথ্য যদি অন্য কোন ভাষায় উৎপন্ন হয়ে থাকে তাহলে সেটি সেই ভাষায় সংরক্ষিত হবে। দাপ্তরিক প্রয়োজেন তথ্য অনুবাদ করা হতে পারে।

(২) তথ্য যে ভাষায় সংরক্ষিত থাকবে সেই ভাষাতেই আবেদনকারীকে সরবরাহ করা হবে। আবেদনকারীর চাহিদার প্রেক্ষিতে কোন তথ্য অনুবাদ করার দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না।

**ঘ) তথ্যের হালনাগাদকরণ :** সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট প্রতিমাসে তথ্য হালনাগাদ করবে।

## ৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ

১) তথ্য অধিকার আইন ২০০৯-এর ধারা ১০(১) অনুসারে সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ প্রত্যেক তথ্য প্রদান ইউনিটে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবে।

২) পরবর্তীতে দপ্তরের অধীনে কোন কার্যালয়/ইউনিট প্রতিষ্ঠিত হলে তঅআ ২০০৯-এর ধারা ১০(৩) অনুসারে উক্তরূপ ইউনিট/ইউনিটসমূহে প্রতিষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবে।

৩) প্রতিটি ইউনিটের প্রশাসনিক প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেবেন এবং নিয়োগকৃত প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমেট) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন এবং মন্ত্রণালয়ের নিকট অনুলিপি প্রেরণ করবেন।

৪) তথ্য অধিকার আইন ২০০৯-এর অধীন দায়িত্ব পালনের প্রয়োজনে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য যে কোন কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোন কর্মকর্তার কাছ থেকে এরূপ সহায়তা চাওয়া হলে তিনি উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে বাধ্য থাকবেন।

৫) কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালনের প্রয়োজনে অন্য কোন কর্মকর্তার সহায়তা চাইলে এবং এরূপ সহায়তা প্রদানে ব্যর্থতার জন্য তঅআ ২০০৯-এর কোন বিধান লংঘিত হলে এই আইনের অধীন দায়-দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে উক্ত অন্য কর্মকর্তাও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলে গণ্য হবেন।

৬) প্রতিটি ইউনিট তার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা তার কার্যালয়ের প্রকাশ্য স্থানে সহজে দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্টে এই নির্দেশিকা প্রযোজ্য এমন সকল ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা প্রকাশ করতে হবে। কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের ৫ দিনের মধ্যে তালিকা হালনাগাদ করা হবে। তালিকা কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

## ৯। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি

ক) তথ্যের জন্য কারো আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা :

অ) আবেদন গ্রহণ ও তঅবি ২০০৯ বিধি-৩ অনুসারে আবেদনপত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করবেন;

আ) অনুরোধকৃত তথ্য তঅআ ২০০৯, ধারা-৯ ও তঅবি ২০০৯ বিধি-৪ অনুসারে যথাযথভাবে সরবরাহ করবেন;

ই) তথ্য প্রদানে অপারগতার ক্ষেত্রে তঅআ ২০০৯, ধারা-৯(৩) ও তঅবি ২০০৯ বিধি-৫ অনুসারে যথাযথভাবে অপারগতা প্রকাশ করবেন। অপারগতার কারণ তঅআ ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

ঈ) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি তঅআ, ২০০৯, ধারা-৯(৬)(৭) ও তঅবি, ২০০৯ বিধি-৮ অনুসারে উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন;

উ) কোন অনুরোধকৃত তথ্যের সাথে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তঅআ, ২০০৯, ধারা-৯(৮) অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন;

খ) তঅআ, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট/ফরম ‘ক’ সংরক্ষণ ও কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ;

গ) আবেদন ফরম পূরণে সক্ষম নয়, এমন আবেদনকারীকে আবেদন ফরম পূরণে সহায়তা;

ঘ) কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে তাকে আপিল কর্তৃপক্ষ নির্ধারণে সহায়তা;

ঙ) সঠিক কর্তৃপক্ষ নির্ধারণে ভুল করেছে, এমন আবেদনকারীকে সঠিক কর্তৃপক্ষ নির্ধারণে সহায়তা;

চ) কোন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাকে উপযুক্ত পদ্ধতিতে তথ্য পেতে সহায়তা করবেন। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপযুক্ত অন্য কোন ব্যক্তির সহায়তা গ্রহণ করতে পারবেন;

ছ) তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ তঅআ ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে হচ্ছে কি না তা নির্ধারণে কর্তৃপক্ষকে সহায়তা প্রদান;

জ) তঅআ ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশে সহায়তা করা;

ঝ) তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসহ এ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ, আবেদনকারীর যোগাযোগের বিসত্মারিত তথ্য সংরক্ষণ, তথ্য অবমুক্তকরণ সংক্রান্ত প্রতিবেদন সংকলিত করা, তথ্য মূল্য আদায়, হিসাব রক্ষণ ও সরকারি কোষাগারে জমাকরণ এবং কর্তৃপক্ষ বা তথ্য কমিশনের চাহিদার প্রেক্ষিতে এ সংক্রান্ত তথ্য সরবরাহ করা; ইত্যাদি।

**১০। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ**

১) বদলী বা অন্য কোন কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপালনের জন্য সরকারি আবাসন পরিদপ্তর এবং এর অধীনস্থ চট্টগ্রাম কার্যালয়ে একজন করে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপালনকালীন আইন অনুসারে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

২) নতুন প্রতিষ্ঠিত ইউনিটসমূহে প্রতিষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পাশাপাশি বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৩) প্রতিটি ইউনিটের প্রশাসনিক প্রধান বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেবেন এবং নিয়োগকৃত প্রত্যেকের নাম, পদবী, ঠিকানা এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমেট) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন এবং মন্ত্রণালয় ও উক্ত ইউনিটের আপিল কর্তৃপক্ষের কাছে অনুলিপি প্রেরণ করবে।

৪) বদলী বা অন্য কোন কারণে এই পদ শূন্য হলে, অবিলম্বে নতুন বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

**১১। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি**

ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতকালীন সময়ে ‘বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা’ ‘দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা’ হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে নীতি ৭-এ বর্ণিত ‘দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি’ তার জন্য প্রযোজ্য হবে।

**১২। তথ্যাদি পরিদর্শন এবং প্রকাশিত প্রতিবেদন বিক্রয়ের সুযোগ :**

সরকারি আবাসন পরিদপ্তর এবং এর সংযুক্ত ও অধীনস্থ সকল ইউনিট (চট্টগ্রাম জেলা কার্যালয়) কর্তৃক প্রণীত প্রতিবেদন বিনামূল্যে সর্বসাধারণের পরিদর্শনের জন্য ব্যবস্থা গ্রহণ করবে এবং নামমাত্র মূল্যে বিক্রয়ের জন্য মজুদ রাখবে।

**১৩। জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি :**

সরকারি আবাসন পরিদপ্তর এবং এর আওতাধীন ও অধীনস্থ সকল ইউনিট জনগুরুত্বপূর্ণ বিষয়াদি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোন পন্থায় প্রচার বা প্রকাশ করবে।

**১৪। নীতিমালার বাস্তবায়ন ও মনিটরিং**

১) এই নীতিমালা অনুসরণের জন্য অফিস আদেশসহ সরকারি আবাসন পরিদপ্তর-এর আওতাধীন জেলা কার্যালয় চট্টগ্রামে ইউনিটে এটি প্রেরণ করবে।

২) এই নীতিমালার বাস্তবায়ন তদারকির জন্য সরকারি আবাসন পরিদপ্তর-এর পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকবে। এ দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এর আবশ্যিক সদস্য হবেন।

৩) সরকারি আবাসন পরিদপ্তর-এর আওতাধীন ও অধীনস্থ সকল ইউনিট প্রতি তিনমাস অন্তর সংশ্লিষ্ট ইউনিটে তথ্য অধিকার আইনে আবেদন, আবেদনের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশসহ এই নীতিমালার বাস্তবায়ন বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করবে এবং উপর্যুক্ত কমিটির নিকট প্রেরণ করবে। কমিটি তথ্য কমিশনের সহায়তায় প্রতিবেদনের ফরমেট নির্ধারণ করে দিতে পারবে।

৪) এই নীতিমালার বাস্তবায়ন তদারকির জন্য উক্ত কমিটি প্রতি তিনমাস অন্তর এই নীতিমালার বাস্তবায়ন বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করবে এবং উক্ত প্রতিবেদন পরিচালক মহোদয়ের নিকট দাখিল করবে।

**১৫। নির্দেশিকার সংশোধন :**

এই নির্দেশিকা সংশোধনের প্রয়োজন হলে সরকারি আবাসন পরিদপ্তর ৩-৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে। কমিটি নির্দেশিকা অনুমোদনকারী হিসেবে দপ্তরের পরিচালক মহোদয়ের নিকট সংশোধনের প্রস্তাব করবে। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনে নির্দেশিকা সংশোধন কার্যকর হবে।

**১৬। নির্দেশিকার ব্যখ্যা :**

এই নির্দেশিকার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে নির্দেশিকা প্রণয়নকারী কর্তৃপক্ষ তার ব্যখ্যা প্রদান করবে।

**পরিশিষ্ট :**

**পরিশিষ্ট-১ : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

| | | |
|---|---|---|
| ১। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | আব্দুল্লাহ্-আল-নোমান |
| | পদবি | সহকারী পরিচালক |
| | অফিসের ঠিকানা (আইডি নং/কোড নম্বর যদি থাকে) | সরকারি আবাসন পরিদপ্তর, ভবন নং – ০৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| | ফোন | ০২-৫৫১০০৯১৭ |
| | মোবাইল ফোন | ০১৭৩৩৭৫৭৯৬৮ |
| | ফ্যাক্স | ০২-৯৫৪৬৪৬৩ |
| | ইমেইল | ad5@doga.gov.bd |
| | ওয়েবসাইট (যদি থাকে) | www.doga.gov.bd |

**পরিশিষ্ট-২ : চট্টগ্রাম কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

| | | |
|---|---|---|
| ১। | জেলা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | কাজী শহিদুল ইসলাম |
| | পদবি | উপ-পরিচালক (উপসচিব) |
| | অফিসের ঠিকানা (আইডি নং/কোড নম্বর যদি থাকে) | সরকারি আবাসন পরিদপ্তর, জেলা কার্যালয়, সরকারি কার্যভবন-০২ (২য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম। |
| | ফোন | ০৩১-৭২৪৭৭৪ |
| | মোবাইল ফোন | ০১৭১২১৬০৭৪৭ |
| | ফ্যাক্স | |
| | ইমেইল | dd5@doga.gov.bd |
| | ওয়েবসাইট (যদি থাকে) | www.dogactg.chittagong.gov.bd |

**পরিশিষ্ট-৩ : আপিল কর্তৃপক্ষ**

| | | |
|---|---|---|
| ১। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার আপিল কর্তৃপক্ষ (অব্যবহিত ঊর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান)-এর নাম | মোঃ শহীদুল ইসলাম ভূঞা |
| | পদবি | পরিচালক (যুগ্মসচিব) |
| | অফিসের ঠিকানা | সরকারি আবাসন পরিদপ্তর, ভবন নং – ০৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| | ফোন | ০২-৫৫১০১০৩৭ |
| | মোবাইল ফোন | ০১৭১১২৩১২৩৪ |
| | ফ্যাক্স | ০২-৯৫৪৬৪৬৩ |
| | ইমেইল | director@doga.gov.bd |
| | ওয়েবসাইট (যদি থাকে) | www.doga.gov.bd |

**পরিশিষ্ট-৪ : স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম**

| ক্রমিক | তথ্যের তালিকা | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১ | নিয়োগ/বদলী/পদায়ন/প্রেষণ/পদন্নতি সংক্রান্ত আদেশ | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২ | বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক আদেশ, বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৩ | বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৪ | অর্জিত এবং বিশ্রাম ও শ্রান্তি বিনোদন ছুটিসহ অন্যান্য ছুটি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৫ | গুরুত্বপূর্ণ সভার সিদ্ধান্ত | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৬ | কর্মকর্তা ও কর্মচারীদের নাম, পদবী ও ফোন নম্বর | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৭ | সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৮ | বিভিন্ন বিষয়ের কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নাম, ঠিকানা ও ফোন নম্বর | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৯ | সেবার বিষয় সম্পর্কিত  সিটিজেন্স চার্টার | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১০ | বিভিন্ন প্রতিবেদন/প্রকাশনা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১১ | ইনোভেশন সংক্রান্ত বিষয়াদি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১২ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৩ | তথ্য অধিকার সংক্রান্ত তথ্যাবলি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৫ | ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৬ | বার্ষিক ক্রয় পরিকল্পনা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৭ | টেন্ডার/কোটেশন বিজ্ঞপ্তি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |

| | | |
|---|---|---|
| ১৮ | প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত কার্যক্রম | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ১৯ | সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক প্রণীত আইন, নীতিমালা, বিধিমালা, প্রবিধানমালা ইত্যাদি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রণালয়ের বাজেট এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের বাজেট/সকল পরিকল্পনার ধরন চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের উপর তৈরি রিপোর্ট। | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২১ | সরকারি আবাসন সংক্রান্ত তথ্য<br>• বাসা সংক্রান্ত পরিসংখ্যান<br>• বরাদ্দযোগ্য বাসার তথ্য<br>• বরাদ্দের প্রক্রিয়া সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২২ | গ্যারেজ সংক্রান্ত তথ্য<br>• গ্যারেজ সংক্রান্ত পরিসংখ্যান<br>• বরাদ্দযোগ্য গ্যারেজের তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২৩ | • সরকারি অফিস স্থান বরাদ্দ এবং সরকারি অফিসের জন্য বে-সরকারি বাড়ি ভাড়ার ছাড়পত্র প্রদান সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২৪ | • সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন ঢাকা শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত দোকান সংক্রান্ত তথ্যাদি<br>• বরাদ্দযোগ্য দোকান<br>• বরাদ্দের প্রক্রিয়া ইত্যাদি | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২৫ | সাময়িক/চূড়ান্ত না-দাবী সনদপত্র প্রদান সংক্রান্ত তথ্য | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |

কর্তৃপক্ষ আরো যে সকল তথ্য স্বপ্রণোদিতভাবে প্রকাশ করবে

| | | |
|---|---|---|
| ১ | চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা | তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, কর্তৃপক্ষের/তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে। |
| ২ | প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা | তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, কর্তৃপক্ষের/তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে। |
| ৩ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, কর্তৃপক্ষের/তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে। |
| ৪ | আবেদন, আপিল ও অভিযোগের ফরম | তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পরিশিষ্ট, কর্তৃপক্ষের/ তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে হার্ড ও সফট্ কপি। |

**পরিশিষ্ট-৫ : প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা**

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য;
- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হয়, এরূপ তথ্য;
- বিচারাধীন মামলার তথ্য যা ওই মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য;
- তদন্তনাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটাতে পারে;
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;
- ভবিষ্যৎ কর্মপরিকল্পনার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে, এরূপ তথ্য;